

আর্লি চাইল্ডহুড স্ক্রিনিং (অতি-শৈশবকালীন মূল্যায়ন)

সেপ্টেম্বর 2021

প্রিয় পিতামাতা/অভিভাবক,

আপনি এবং আপনার সন্তান আমাদের একটি আর্লি চাইল্ডহুড প্রোগ্রামের অংশ হিসেবে যোগ দিয়েছেন সেজন্যে আমরা অত্যন্ত উদ্বীণ। আপনার সন্তানের শিক্ষা প্রদানকারী দল আনন্দপূর্ণ ও ইন্টারঅ্যাকটিভ পাঠ্য অভিজ্ঞতার মাধ্যমে তার জীবনভর শিক্ষা গ্রহণের জন্য প্রয়োজনীয় ভিত্তি গড়ে তুলবেন। এতে অন্তর্ভুক্ত বছরব্যাপী সামাজিক, শারীরিক, অ্যাকাডেমিক, এবং ভাষার দক্ষতার অগ্রগতির দিকে নজর রাখা।

আর্লি চাইল্ডহুড স্ক্রিনিং (অতি-শৈশবকালীন মূল্যায়ন) বলতে কী বোঝায়?

বছরের শুরুতে, প্রোগ্রামগুলি প্রত্যেক শিক্ষার্থীর বিকাশ অনুধাবন করতে একটি মূল্যায়ন করার টুল তথা প্রক্রিয়া ব্যবহার করে। আপনার সন্তানের সামাজিক এবং মানসিক বিকাশ সম্পর্কে আরও জানতে এর অন্তর্ভুক্ত হতে পারে একটি সামাজিক-মানসিক যাচাইয়ের উপকরণ। এই মূল্যায়নগুলো শিক্ষকবৃন্দকে আপনার সন্তান সম্পর্কে জানতে সহায়তা করবে এবং তাদের বিকাশে সহায়ক হবে। এগুলি মেধা বা বুদ্ধিমত্তার কোনও পরীক্ষা নয়। এগুলি কোনও প্রোগ্রামে ভর্তির সাথেও সম্পর্কিত নয়। শিক্ষকবৃন্দ আপনার সাথে আপনার সন্তানের মূল্যায়নের ফলাফল শেয়ার করবেন।

সকল শিক্ষার্থীকে কি মূল্যায়ন করা হয়?

আর্লি হেড স্টার্ট এবং হেড স্টার্ট-এর সকল শিক্ষার্থীসহ, বেশীরভাগ শিক্ষার্থীকে মূল্যায়ন করা হবে। আপনার সন্তানকে মূল্যায়ন করা নাও হতে পারে যদি:

- সে বর্তমানে আর্লি ইন্টারভেনশন (EI) সার্ভিস অথবা প্রিন্সিপাল স্পেশাল এডুকেশন সার্ভিস (একটি IEP আছে) লাভ করে।
- মূল্যায়নটি আপনার সন্তানের বাড়িতে ব্যবহৃত ভাষায় লভ্য নয়।

এইসব ক্ষেত্রে, আপনার সন্তানের বিকাশ এবং নির্দেশনার চাহিদা সম্পর্কে জানার জন্যে, আপনার সন্তানের শিক্ষক প্রতিদিন সে কি করে, তা পর্যবেক্ষণ এবং সেগুলির লিপিবদ্ধ তথ্য এবং আপনার সাথে আলাপ-আলোচনার থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করবেন। তারা আপনার সাথে আপনার সন্তানের বছরব্যাপী অগ্রগতি নিয়ে আলোচনা করবেন।

আমাকে কী করতে হবে?

আমরা আপনাকে আপনার সন্তানের শিক্ষক প্রদত্ত পরিবারের জন্য প্রশ্নাবলীর নথিটি পূরণ করে ফেরত দেয়ার জন্য অনুরোধ জানাচ্ছি। এটা গুরুত্বপূর্ণ কারণ আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালভাবে জানেন এবং আপনার জ্ঞান এই মূল্যায়ন প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ অংশ। অতিরিক্তভাবে, শিক্ষকগণ অন্য জরিপসমূহের মাধ্যমে আপনাকে এবং আপনার পরিবার সম্পর্কে জানতে পারে - এগুলোর একটি বাড়িতে ব্যবহৃত ভাষা সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করে।

আপনার যদি কোনও প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক, অথবা আমাদের অফিসের সাথে

earlychildhood@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন। আর্লি চাইল্ডহুড সম্পর্কে আরও তথ্যে জন্য, উল্লিখিত ফ্যামিলি রিসোর্সগুলো দেখুন: [আর্লি চাইল্ডহুড লার্নিং](#), [আর্লি চাইল্ডহুড রিসোর্সেস](#), এবং [আর্লি চাইল্ডহুড ফ্যামিলি টুলকিট](#)।

বিনীত,

জশ ওয়াল্যাক (Josh Wallack)

ডেপুটি চ্যাসেলর ফর আর্লি চাইল্ডহুড এডুকেশন অ্যান্ড স্টুডেন্ট এনরোলমেন্ট

**PRE-K
FOR ALL**

NYC
Department of
Education

T&I 33156 District 12 Data Families_FY22 (Bangla)

